



জাতীয় বিশ্ববিদ্যালয়

পরীক্ষা নিয়ন্ত্রণ দপ্তর

গাজীপুর

স্মারক নং ০৫(৫২৯) জাতীঃ বিঃ/পরীঃ/ডিগ্রী পাস/২০২১/৪৭৭৬(১১)

তারিখ: ২৯/০৫/২০২৩

ডিগ্রী পাস ও সার্টিফিকেট কোর্স ২য় বর্ষ পরীক্ষা-২০২১

ফরম পূরণের সময় বৃদ্ধি সংক্রান্ত বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০২১ সালের ডিগ্রী পাস ও সার্টিফিকেট কোর্স ২য় বর্ষ পরীক্ষার ফরম পূরণের সময় নিম্নবর্ণিত তারিখ পর্যন্ত বৃদ্ধি করা হল। নির্ধারিত তারিখের পর ডাটা এন্ট্রি, নিশ্চয়ন, স্বয়ংক্রিয়ভাবে বন্ধ হয়ে যাবে বিধায় যথাসময়ে পরীক্ষার্থী ও কলেজকে ফরম পূরণ সম্পর্কিত সকল কাজ সম্পন্ন করতে হবে।

পরীক্ষার্থীর ফরম ডাউনলোড, নিশ্চয়ন ও সোনালী সেবার মাধ্যমে টাকা জমা দেওয়ার তারিখ :

অনলাইনে ফরম পূরণের আবেদন করার শেষ তারিখ (শিক্ষার্থী কর্তৃক)	শিক্ষার্থীর ডাটা নিশ্চয়ন করার তারিখ (কলেজ কর্তৃক)	সোনালী সেবার মাধ্যমে টাকা জমার তারিখ (কলেজ কর্তৃক)
৩০/০৫/২০২৩ থেকে ০৬/০৬/২০২৩ পর্যন্ত	০৭/০৬/২০২৩ (রাত ১১ঃ৫৯ পর্যন্ত)	০৮/০৬/২০২৩

বিঃ দ্রঃ

- ২০১৩-২০১৪ ও ২০১৪-২০১৫ শিক্ষাবর্ষে শিক্ষার্থীরা নির্ধারিত ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা প্রদান করে ২০২১ সালের ডিগ্রী পাস ও সার্টিফিকেট কোর্স ২য় বর্ষ পরীক্ষায় ফরম পূরণের সুযোগ পাবে। পূর্বের বিজ্ঞপ্তি অনুযায়ী যে সকল শিক্ষার্থীরা ৩য় বর্ষের কোনো পরীক্ষায় অংশগ্রহণ না করার কারণে ফরম পূরণের সুযোগ পায়নি তারাও ফরম পূরণের সুযোগ পাবে।
- ২০১৫-১৬; ২০১৬-১৭; ২০১৭-১৮ ও ২০১৮-১৯ শিক্ষা বর্ষের যে সকল শিক্ষার্থী ফরম পূরণে ব্যর্থ হয়েছে তারা নির্ধারিত ফি ও অতিরিক্ত ৫০০০/- (পাঁচ হাজার) টাকা বিলম্ব ফি (জরিমানা) প্রদান করে ফরম পূরণের সুযোগ পাবে।
- স্মারক নং-০৫(৫২৯)জাতীঃ বিঃ/পরীঃ/ডিগ্রী পাস/২০২১/৪৭৭৬, তারিখ: ২৪/০১/২০২৩ এ প্রকাশিত এবং অন্য সকল বিজ্ঞপ্তির অন্যান্য শর্তাবলী অপরিবর্তিত থাকবে।

উল্লেখ্য, পূর্বে প্রকাশিত বিজ্ঞপ্তি অনুযায়ী যে সকল কলেজ ফরম পূরণ সংক্রান্ত যাবতীয় কাজ (যেমন সোনালী সেবা, পে-স্লিপ ডাউনলোড ও ডাটা নিশ্চয়ন ইত্যাদি) করতে পারেননি সে সকল কলেজ বিলম্ব ফি (জরিমানা) প্রদান সাপেক্ষে তাদের ফরম পূরণ সংক্রান্ত কাজ সম্পন্ন করতে পারবেন।

কোন শিক্ষার্থী বা সংশ্লিষ্ট কলেজ ফরম পূরণ করতে ব্যর্থ হলে কোন অবস্থাতেই পরবর্তীতে ফরম পূরণে আর কোন সুযোগ পাবে না।


(বদরুজ্জামান)
পরীক্ষা নিয়ন্ত্রক

জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর
ফোন : ০২-৯৯৬৬৯১৫১৭ (অফিস)

তারিখ: ২৯/০৫/২০২৩

স্মারক নং ০৫(৫২৯) জাতীঃ বিঃ/পরীঃ/ডিগ্রী পাস/২০২১/৪৭৭৬(১১)

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি দেয়া হলো :

- সকল ডীন ও বিভাগীয় প্রধান, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর
- অধ্যক্ষ, জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত সকল কলেজ
- পরিচালক, তথ্য প্রযুক্তি (আইসিটি) দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর
- পরিচালক, অর্থ ও হিসাব বিভাগ, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর
- পরিচালক, জনসংযোগ ও প্রকাশনা বিভাগ, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর
- পরিচালক, সকল আঞ্চলিক কেন্দ্র, জাতীয় বিশ্ববিদ্যালয়
- সচিব, ভাইস-চ্যান্সেলর মহোদয়ের দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর
- সহকারী রেজিস্ট্রার, প্রো-ভাইস-চ্যান্সেলর মহোদয়ের দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর
- সহকারী রেজিস্ট্রার, ট্রেজারার মহোদয়ের দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর
- সহকারী রেজিস্ট্রার, রেজিস্ট্রার মহোদয়ের দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর
- অফিস কপি।

৯

(মোঃ আমীর খইয়াম)

উপ-পরীক্ষা নিয়ন্ত্রক

জাতীয় বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ

মোবাঃ ০১৭১৬৫৮৬৬৬৪(শুধু অধ্যক্ষ)